



3

## কিছু লোকের এই টিকা নেওয়া উচিত নয়

6 সপ্তাহের কম বয়সী সদ্যোজাত ছোট শিশুকে Hib টিকা দেওয়া উচিত নয়।

Hib টিকার পূর্ববর্তী ডোজের পরে কোনো ব্যক্তির প্রাণঘাতী অ্যালার্জি জনিত প্রতিক্রিয়া দেখা দিয়ে থাকলে বা এই টিকার আংশিক প্রয়োগের ফলে গুরুতর অ্যালার্জি দেখা দিলে, টিকা নেওয়া উচিত নয়। *কোনো গুরুতর অ্যালার্জি থাকলে যে ব্যক্তি টিকা দিচ্ছেন তাকে বলুন।*

সামান্য অসুস্থ থাকা ব্যক্তির Hib টিকা নিতে পারবেন। মাঝারি বা গুরুতর অসুস্থ হওয়া ব্যক্তিদের সুস্থ হওয়া পর্যন্ত অপেক্ষা করা উচিত। টিকা নিচ্ছেন যে ব্যক্তি তিনি যেদিন শট নেবেন সেই সূচিত তারিখে সুস্থ বোধ না করলে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলুন।

4

## টিকার প্রতিক্রিয়ার ঝুঁকি

টিকা সহ যে কোনো ওষুধের ক্ষেত্রে পার্শ্ব প্রতিক্রিয়ার সম্ভাবনা থাকে। সাধারণত এগুলি হালকাভাবে দেখা দেয় এবং নিজে থেকেই কমে যায়। গুরুতর প্রতিক্রিয়া হওয়ারও সম্ভাবনা থাকে, তবে তা বিরল।

Hib টিকা নেওয়া বেশিরভাগ লোকের কোনো সমস্যা হয়নি।

**Hib টিকা নেওয়ার পরে হওয়া** সামান্য সমস্যার মধ্যে অন্তর্ভুক্ত:

- যে জায়গাতে শটটি দেওয়া হয়েছে সেখানে লালচে হওয়া, গরম হয়ে যাওয়া বা ফুলে যাওয়া
- জ্বর

এই সমস্যাগুলি সচরাচর ঘটে না। এই ধরনের সমস্যা দেখা দিলে, সেগুলি সাধারণত শটটি দেওয়ার অল্প পরেই শুরু হয় এবং 2 বা 3 দিন পর্যন্ত থাকে।

**কোনো টিকা নেওয়ার পরে যেসব সমস্যা দেখা দিতে পারে:**

যে কোনো ওষুধ থেকে তীব্র অ্যালার্জি জনিত প্রতিক্রিয়া দেখা দিতে পারে। টিকা থেকে এই ধরনের প্রতিক্রিয়া খুব বিরল ঘটনা, প্রায় এক মিলিয়ন ডোজের মধ্যে 1 জনের এবং সেটিও টিকা দেওয়ার কয়েক মিনিট থেকে কয়েক ঘন্টার মধ্যে হবে।

যেকোনো ওষুধের মতো, টিকা নেওয়ার ফলে গুরুতর আহত হওয়া বা মৃত্যু হওয়ার সম্ভাবনা দূরস্থ।

বড় শিশু, কিশোর এবং প্রাপ্তবয়স্কদেরও যেকোনো টিকা নেওয়ার পরে এই সমস্যাগুলি হতে পারে:

- টিকা সহ চিকিৎসা সংক্রান্ত পদ্ধতির পর মানুষ অনেক সময় অস্ত্রাণ হয়ে যায়। প্রায় 15 মিনিট ধরে বসে বা শুয়ে থাকলে অস্ত্রাণ হওয়া এবং পড়ে যাওয়ার ফলে হওয়া আঘাত প্রতিরোধ করা যেতে পারে। আপনার মাথা ঘুরলে অথবা চোখে অন্ধকার দেখলে বা কান বাজলে চিকিৎসককে বলুন।
- কিছু ব্যক্তির কাঁধে প্রচন্ড ব্যথা হয় এবং টিকা দেওয়া জায়গাটির কাছে হাত নাড়ানো কষ্টকর হয়। এইরকম খুবই কম হয়।

টিকার নিরাপত্তার প্রতি সবসময় নজর দেওয়া হচ্ছে। আরও তথ্যের জন্য, দেখুন: [www.cdc.gov/vaccinesafety/](http://www.cdc.gov/vaccinesafety/)

5

## গুরুতর প্রতিক্রিয়া দেখা দিলে কী হবে?

**আমার কী খেয়াল রাখা উচিত?**

- আপনার উদ্বেগের কারণ হতে পারে এমন সবকিছুর দিকে খেয়াল রাখুন, যেমন **তীব্র অ্যালার্জি জনিত প্রতিক্রিয়ার** লক্ষণ, খুব বেশি জ্বর, বা অস্বাভাবিক আচরণ।

তীব্র অ্যালার্জি জনিত প্রতিক্রিয়ার লক্ষণগুলির মধ্যে রয়েছে আমবাত, মুখ এবং গলা ফুলে যাওয়া, শ্বাসকষ্ট, সঙ্কটজনক হৃৎস্পন্দন, মাথা ঘোরা, এবং দুর্বলতা। সাধারণত টিকাকরণের পরের কয়েক মিনিট থেকে কয়েক ঘন্টার মধ্যে এগুলি শুরু হবে।

**আমার কী করা উচিত?**

- আপনার যদি মনে হয় এটি গুরুতর অ্যালার্জি জনিত প্রতিক্রিয়া বা অন্য কোন আপৎকালীন অবস্থা যার জন্য অপেক্ষা করা যাবে না, তাহলে 9-1-1 নম্বরে ফোন করুন এবং ঐ ব্যক্তিকে নিকটস্থ হাসপাতালে নিয়ে যান। অন্যথা, আপনার চিকিৎসককে ফোন করুন।
- এরপর, প্রতিক্রিয়া সম্পর্কে Vaccine Adverse Event Reporting System (VAERS) (ভ্যাক্সিন এডভার্স ইভেন্ট রিপোর্টিং সিস্টেম) এ রিপোর্ট জানাতে হবে। VAERS ওয়েবসাইট [www.vaers.hhs.gov](http://www.vaers.hhs.gov)-তে গিয়ে অথবা 1-800-822-7967 নম্বরে ফোন করে আপনার চিকিৎসক এই রিপোর্টটি ফাইল করতে পারেন অথবা আপনি নিজেই তা করতে পারেন।

VAERS চিকিৎসার পরামর্শ প্রদান করে না।

6

## ন্যাশানাল ভ্যাকসিন ইনজুরি কমপেনসেশন প্রোগ্রাম

The National Vaccine Injury Compensation Program (VICP) (ন্যাশানাল ভ্যাক্সিন ইনজুরি কমপেনসেশন প্রোগ্রাম) হল একটি ফেডারেল কর্মসূচি যেটি নির্দিষ্ট কিছু টিকার দ্বারা আহত হওয়া ব্যক্তিদের ক্ষতিপূরণ প্রদানের জন্য তৈরী করা হয়েছে।

যে ব্যক্তির মনে করেন তারা হয়তো টিকার কারণে আহত হয়েছেন তারা এই কর্মসূচি এবং অভিযোগ দাখিল করার পদ্ধতি সম্পর্কে তথ্য 1-800-338-2382 নম্বরে ফোন করে বা VICP ওয়েবসাইট [www.hrsa.gov/vaccinecompensation](http://www.hrsa.gov/vaccinecompensation) দেখে জানতে পারেন। ক্ষতিপূরণের দাবি দাখিল করার জন্য সময়সীমা রয়েছে।

7

## আমি কিভাবে আরও বেশী জানব?

- আপনার চিকিৎসককে জিজ্ঞাসা করুন। তিনি আপনাকে টিকার প্যাকেজের মধ্যে থাকা কাগজটি দিতে পারেন বা তথ্যের অন্য উৎস সম্পর্কে পরামর্শ দিতে পারেন।
- আপনার স্থানীয় বা স্টেট স্বাস্থ্য বিভাগে ফোন করুন।
- Centers for Disease Control and Prevention (রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র, CDC) এর - 1-800-232-4636 (1-800-CDC-INFO) নম্বরে ফোন করুন অথবা - CDC-র ওয়েবসাইট [www.cdc.gov/vaccines](http://www.cdc.gov/vaccines) দেখুন

DCH-0449BE AUTH: P. H. S., Act 42, Sect. 2126.

Vaccine Information Statement  
**Hib Vaccine**

4/02/2015

Bengali

Office Use Only



42 U.S.C. § 300aa-26